নোটিশ সহ ইউডিসিসি সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এর নাজিরপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

পরিষদটি, জামালপুর।

ইউনিয়ন উন্নয়ন সমন্বয়কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি- মোঃহেলালহোসেন, পানী ইউ,পিনাজিরপুর।

সভাস্থান- ইউ,পিআঙ্গিনা, সভার তারিখ-০৮-১১-২০২০ ইং, সময়-সকাল ১১.০০ ঘটিকা।

সভায়উপস্থিতসদস্যবৃন্দ-হাজিরাসংযুক্ত

ক্রমিক	আলোচ্যবিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন জনাব মোঃহেলাল হোসেন ইউ,পি চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে শুরু করা হলো। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হল।	কোন প্রকার সংশোধনী না থাকায় সর্ব-সম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।	কমিটিরসদস্যবৃন্দ।
০২	২০২০,২০২১,ইংঅর্থবছরের উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনা: সভাপতি মহোদয় অনুমতিক্রমে ইউ,পি সচিব জনাব মোঃরফিকুল ইক মহোদয় ২০২০,২০২১ইংঅর্থবছরেএলজিএসপি-৩,এডিপি,টিআর,কাবিখা, কাবিটা, ইউপিপি বরাদ্দকৃত অর্থ দিয়ে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবংবাস্তবায়নাধীন আছে সে সকল প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্প গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রকল্প গুলো সঠিক সময়ে সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করার ইউ,পি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ দেওয়া হয়। বাস্তবায়নাধীন প্রকল্প গুলো যথা সময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ।
০৩	এল সিবিসিই প্রকল্প: সভায় এল সিবিসিই.র উপজেলা ফাসিলেটর মোছাঃ রাশেদা বেগম এল সিবিসিই প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অত্র ইউনিয়নে ০৪টি ওয়ার্ডের ০৪টি এবং ইউনিয়ন পরিষদের ০১টি তথ্যবোর্ড স্থাপন করা হয়েছে। মা ও শিশুদের জন্য চলমান সেবা সম্বলিত ৪৫০০টি প্লাকার্ড ইউনিয়নের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে লাগানো হয়েছে। মা ও শিশুদের জন্য পৃথক ভাবে পরিকল্পনা করা হয়েছে এবং তাবাস্তবায়ন করা হয়েছে। আজকের সভায় খরচের জন্য (UDCC) ৪০০০/-টাকা সহায় দেয়া হয়েছে।	তথ্যবোর্ড গুলো হালনাগাদ করে মা ও শিশুদের জন্য গৃহীত পরিকল্পনা সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হল। এল,সি,বিসিই প্রকল্পের আওতায় ইউপিসিডিকে কার্যকরী করার উদ্যোগ নেওয়ার ইউনিসেফ বাংলাদেশকে অনুরোধ দেয়া হয়।	ইউনিয়ন এল,সি,বি,সিই কমিটি ও ইউনিয়ন পরিষদ।
০৪	কৃষিঃ সভায় উপসহকারী কৃষিকর্মকর্তা জনাব মোঃ আঃ কাদের মহোদয় কৃষি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ০৩টি ভিলেজগ্রুপে কৃষকদের মাঝে সরিষা ও পমকীন এবং সার বিতরন করা হয়েছে। কৃষি বিষয়ে প্রশিক্ষন দেওয়ার জন্য ২০২০-২০২১ ইং অর্থ বছরে ০১টি প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর বিস্তারিত আলো চনা করা হয়।	৪টি ওয়ার্ডে (প্রতিওয়ার্ডে ১০০জন) ৪০০ জন কৃষককে কৃষি বিষয়ে ২,০০,০০০/- টাকা বরাদ্দ রেখে ২০২০,২০২১ অর্থ বছরে প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা কৃষি অফিস।
০৫	স্বাস্থ্যঃ সভায় সহকারি স্বাস্থ্য পরিদর্শক মোছাঃ পারভুরাহার স্বাস্থ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় স্বাস্থ্য বিভাগের কাজকর্ম সঠিক ভাবে সম্পন্ন হয়েছে। স্বাস্থ্য কর্মীগণ বাড়ী বাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। তিনি কমিউনিটিক্লিনিকের (সিসি) মাধ্যমে মা ও শিশুদের সেবা দেয়া হচ্ছে। তিনি কমিউনিটিক্লিনিক গুলোর বাউন্ডারী ওয়াল করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০,২০২১ অর্থ বছরে কম পক্ষে ৪টি কমিউনিটি ক্লিনিকের বাউনডারী ওয়াল মেরামত করার প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ।
০৬	পরিবার পরিকল্পনাঃ সভায় উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার পরিবার পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় পরিবার পরিকল্পনা বিভাগের কাজ কর্ম সঠিক ভাবে সম্পন্ন হচ্ছে। পরিবার পরিকল্পনা কর্মীগণ বাড়ীবাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। তিনি বার্ডীকামারী পরিবার কল্যাণ কেন্দ্র রোগিদের বসার জন্য আসবাবপত্র সরবরাহের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০,২০২১ অর্থ বছরে বার্ডীকামারী পরিবার কল্যাণ কেন্দ্রের মাটির রাস্তাটি ইটের সলিং করার জন্য প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ।